

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৫০৮

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৫২. তৃতীয় অনুচ্ছেদ - বৃষ্টির জন্য সালাত

আরবী

عَن عَائِشَة قَالَتْ: شَكَا النَّاسُ إِلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قُحُوطَ الْمَطَرِ فَأَمَرَ بِمِنْبُرِ فَوُضِعَ لَهُ فِي الْمُصَلَّى وَوَعَدَ النَّاسَ يَوْمًا يَخْرُجُونَ فِيهِ. قَالَتْ عَائِشَةُ: فَخَرَجَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ حِينَ بَدَا حَاجِبُ الشَّمْسِ فَقَعَدَ عَلَى الْمِنْبَرِ فَكَبَّرَ وَحَمِدَ اللَّهَ عزوجِل ثُمَّ قَالَ: «إِنَّكُمْ شَكُوتُمْ جَدْبَ دِيَارِكُمْ وَاسْتِئْخَارَ الْمَطَرِ عَنْ إِبَّانِ وَمَانِهِ عَنْكُمْ وَقَدْ أَمَرَكُمُ الله عزوجِل أَنْ تَدْعُوهُ وَوَعَدَكُمْ أَنْ يَسْتَجِيبَ لَكُمْ » . ثُمَّ قَالَ: «إِنَّكُمْ الله عزوجِل أَنْ تَدْعُوهُ وَوَعَدَكُمْ أَنْ يَسْتَجِيبَ لَكُمْ » . ثُمَّ قَالَ: «الْحَمْدُ لِلَّهِ رَبِّ الْعَالَمِينَ الرَّحْمِنِ الرَّحِيمِ ملك يَوْمِ الدِّينِ لَا إِلَهَ إِلَّا اللَّهُ يَفْعَلُ مَا يُرِيدُ اللَّهُمَّ أَنْتَ اللَّهُ لَا إِلَهَ إِلَّا أَنْتَ الْغَنِيُّ وَنَحْنُ الْفُقَرَاءُ. أَنْزِلْ عَلَيْنَا الْغَيْثُ وَاجْعَلْ مَا أَنْزَلْتَ لَللَّهُمَّ أَنْتَ اللَّهُ لَا إِلَهَ إِلَّا أَلْتُهُ يَقْعَلُ مَا أَنْزَلْتَ لَللَّهُمَّ أَنْتَ اللَّهُ لَا إِلَهَ إِلَّا أَلْتُهُ يَقْعَلُ مَا أَنْزَلْتَ لَلْهُ هَوَلَامِ لَلْهُ مَا أَنْوَلَ فَعَلَى مَا أَنْزَلْتَ لَا اللَّهُ هُو وَلَاكُمْ إِلَهُ إِلَهُ إِلَهُ إِلَهُ إِلَهُ وَلَامِ عَلَى النَّاسِ وَنَوَلَ وَعَمَالًى النَّاسِ وَنَوَلَ فَصَلَى النَّاسِ وَنَوَلَ فَصَلَى النَّهُ مِلَامَ عَلَى النَّاسِ وَنَوَلَ فَصَلَى الله عَلَيْهِ وَسِلَم حَتَّى بَدَا اللّهُ وَرَسُولُهُ » . رَوَاهُ أَبُو سَلَتِ السَّيُولُ فَقَالَ: «أَشْهُدُ أَنَّ اللَّهُ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيرٌ وَأَنِي عَبْدُ اللَّهِ وَرَسُولُهُ » . رَوَاهُ أَبُو نَوْلَادَ وَاللَه وَرَسُولُهُ » . رَوَاهُ أَبُو

বাংলা

১৫০৮-[১২] 'আয়িশাহ্ (রাঃ)-এর হতে বর্ণিত। তিনি বলেন, লোকজন রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে অনাবৃষ্টির কষ্টের কথা নিবেদন করল। রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ঈদগাহে মিম্বার আনার জন্য নির্দেশ দিলেন। বস্তুতঃ মিম্বার আনা হলো। তিনি লোকজনদেরকে একদিন ঈদগাহে আসার জন্য সময় ঠিক করে দিলেন। 'আয়িশাহ্ (রাঃ) বলেন, নির্দিষ্ট দিনে রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সূর্যকিরণ দেখা দেবার সাথে সাথে ঈদগাহে চলে গেলেন। মিম্বারে আরোহণ করে তাকবীর দিলেন। আল্লাহর গুণকীর্তন বর্ণনা করে বললেন, তোমরা তোমাদের শহরের আকাল, সময় মতো বৃষ্টি না হবার অভিযোগ করেছ। আল্লাহ তা'আলা এখন



তোমাদেরকে নির্দেশ দিচ্ছেন। তোমরা তাঁর কাছে দু'আ করো। তিনি তোমাদের দু'আ কবৃল করবেন বলে ওয়া'দা করেছেন। তারপর তিনি বললেন,

''আলহামদু লিল্লা-হি রব্ববিল 'আ-লামীন, আর্ রহমা-নির রহীম, মা-লিকি ইয়াওমিদ্দীন, লা- ইলা-হা ইল্লাল্ল-হু ইয়াফ্'আলু মা- ইউরীদুল্ল-হুমা আন্তাল্ল-হু লা- ইলা-হা ইল্লা- আন্তাল গনিয়ু ওয়া নাহনুল ফুকারা-উ, আন্যিল 'আলায়নাল গয়সা ওয়াজ্'আল মা- আন্যালতা লানা- ক্যুওয়াতান ওয়াবালা-গান ইলা- হীন''

(অর্থাৎ সকল প্রশংসা আল্লাহর। তিনি সারা বিশ্বের পালনকর্তা, মেহেরবান ও ক্ষমাকারী। প্রতিদান দিবসের মালিক। আল্লাহ ছাড়া সত্য কোন মা'বূদ নেই। তিনি যা চান তা-ই করেন। হে আল্লাহ! তুমি ছাড়া আর কোন মাবূদ নেই। তুমি অমুখাপেক্ষী। আর আমরা কাঙ্গাল, তোমার মুখাপেক্ষী। আমাদের ওপর তুমি বৃষ্টি বর্ষণ করো। আর যে জিনিস (বৃষ্টি) তুমি অবতীর্ণ করবে তা আমাদের শক্তির উপায় ও দীর্ঘকালের পাথেয় করো।)।

এরপর তিনি তাঁর দু'হাত উঠালেন। এত উঠালেন যে, তাঁর বগলের উজ্জ্বলতা দেখা গেল। তারপর তিনি জনগণের দিকে পিঠ ফিরিয়ে নিজের চাদর ঘুরিয়ে নিলেন। তখনো তার দু' হাত ছিল উঠানো। আবার লোকজনের দিকে মুখ ফিরালেন এবং মিম্বার হতে নেমে গেলেন। দু' রাক্'আত সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করলেন। আল্লাহ তা'আলা তখন মেঘের ব্যবস্থা করলেন। মেঘের গর্জন শুরু হলো। বিদ্যুৎ চমকাতে লাগল। অতঃপর আল্লাহর নির্দেশে বর্ষণ শুরু হলো। তিনি তাঁর মাসজিদ পর্যন্ত পোঁছার পূর্বেই বৃষ্টির ঢল নেমে গেল। এ সময় তিনি মানুষদেরকে বৃষ্টি থেকে পরিত্রাণ পাবার জন্য দৌড়াতে দেখে হেসে ফেললেন। এতে তাঁর সামনের দাঁতগুলো দৃষ্টিগোচর হতে থাকল। তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) তখন বললেন, আমি সাক্ষ্ম দিচ্ছি আল্লাহ তা'আলা প্রত্যেক বিষয়ের উপর ক্ষমতাবান। আর আমি এ সাক্ষীও দিচ্ছি যে, আমি তাঁর বান্দা ও রসূল। (আবূ দাউদ)[1]

ফুটনোট

[1] হাসান : আবূ দাউদ ১১৭৩, আদ্ দা'ওয়াতুল কাবীর ৫৪৯, সুনানুল কুবরা লিল বায়হাকী ৬৪০৯, সহীহ আল কালিমুত্ব তুইয়া্বে ১৫২, শারহু মা'আনীর আসার ১৯০৬, ইবনু হিবান ৯৯১, ইরওয়া ৬৬৮।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (هَقَعَدَ عَلَى الْمِنْبَرِ)ইস্তিসকার খুতবাহ্ প্রদানের জন্য মিম্বারের উপর আরোহণ করা মুস্তাহাব। এ মতে আছে আহমদ। ইবনু কুদামাহ্ বলেন, আবূ বাকর বলেন, আবূ 'আবদুল্লাহ (রাঃ) হতে বর্ণিত সবাই একমত যে, ইস্তিসকাতে খুতবাহ রয়েছে ও মিম্বারের উপর আরোহণ।

আর 'আয়িশাহ্ (রাঃ)-এর হাদীসে সুস্পষ্ট দলীল মিম্বার সালাতে ইস্তিসক্বার স্থানে নিয়ে যাওয়া এবং তার উপর উঠা।

(بَيَاضُ إِبِطَيْهِ) দু'বগলের শুভ্রতা প্রকাশ পেত। এটা প্রমাণ করে ইস্তিসকার দু'আয় দু'হাত অতিরঞ্জিত করে



উঠানো মুস্তাহাব।

(ایّاسِ ظَهْرَه) আতঃপর তিনি তাঁর পিঠকে জনগণের দিকে ঘুরাতেন এটা ইঙ্গিত করে যে, সকল কিছু ছিন্ন করে শুধুমাত্র আল্লাহর দিকে প্রত্যাবর্তন করা।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন